



তারিখ : ০৫ মার্চ ২০২৫

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোক বিবৃতি

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার জবানবন্দী নিয়ে প্রকাশিত রাজবন্দীদের জবানবন্দী বইয়ের উপ-সম্পাদক ও লেখক, জাতীয়তাবাদী ব্লগার ও বিশিষ্ট অনলাইন এ্যাক্টিভিস্ট মাহাদী আরজান ইভান গতকাল রাজধানীর নিউরোসাইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪৬ বছর। মাহাদী আরজান ইভান এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, “মাহাদী আরজান ইভান এর মৃত্যুতে আমি তার পরিবার-পরিজন, সহকর্মী, শুভাকাজীদের প্রতি গভীর সহমর্মিতা জ্ঞাপন করছি। মরহুম মাহাদী আরজান ইভান ছিলেন একজন সাহসী ও প্রতিবাদী জাতীয়তাবাদী ব্লগার। কোন সত্য ও ন্যায্য বক্তব্য, সংবাদ, প্রতিবেদন ও লিখনীতে যখনই পতিত আওয়ামী সরকারের আঁতে ঘা লেগেছে তখনই টার্গেট করে সাংবাদিকদের উঠিয়ে নেয়া হয়েছে, তাদের ওপর চালানো হয়েছে সীমাহীন বর্বরোচিত নির্যাতন, মিথ্যা মামলা দিয়ে মাসের পর মাস, বছরের পর বছর তাদেরকে কারাগারে বন্দী রেখে মৃত্যুর দিকে ঠেলে দেয়া হয়েছে। কিন্তু পতিত আওয়ামী স্বৈরাচারী শাসনামলে তিনি সরকারের রক্তচক্ষুকে পরোয়া না করে একজন দুঃসাহসী কলমযোদ্ধা হিসেবে সমাজের অনিয়ম ও স্বৈচ্ছাচারিতার বিরুদ্ধে নিরলস সংগ্রাম করে গেছেন। জিয়া পরিবারের বিরুদ্ধে আওয়ামী সরকারের লাগামহীন প্রচার-প্রচারণা ও অশালীন বক্তব্য-বিবৃতির বিরুদ্ধে মাহাদী আরজান ইভান ছিলেন সবসময় সোচ্চার। তারই ধারাবাহিকতায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার জবানবন্দী নিয়ে লিখা ‘রাজবন্দীদের জবানবন্দী’ বই প্রকাশকালে তিনি আওয়ামী শাসনকালে গুম হন এবং পরবর্তীতে কারাগারে নিষ্কিঞ্চ হন। কারাগারের নির্যাতনে তিনি ব্রেইন স্ট্রোক করে দীর্ঘ চার মাস হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে গতকাল মৃত্যুবরণ করেন। আওয়ামী ফ্যাসিবাদী শাসনের বিরুদ্ধে মরহুম মাহাদী আরজান ইভান এর সংগ্রামী ভূমিকার জন্য আমরা গর্বিত। সময়ের সাহসী ব্লগার হিসেবে তার অবদান অনস্বীকার্য। আমি তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গ, সতীর্থ, গুণগ্রাহী ও শুভাকাজীদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।”

বার্তা প্রেরক

স্বঃ মুহাম্মদ মুনির হোসেন

(মুহাম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি